বাংলাদেশ সিভিল সার্ভিস উইমেন নেটওয়ার্ক (BCSWN)- এর কার্যনির্বাহী কমিটির পঞ্চম সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. মোছাম্মৎ নাজমানারা খানুম সভাপতি, বিসিএস উইমেন নেটওয়ার্ক ও সচিব, খাদ্য মন্ত্রণালয়।
সভার মাধ্যম	:	জুম কনফারেন্স।
তারিখ ও সময়	:	০৬ ডিসেম্বর ২০২০, রাত ৭.৩০ ঘটিকা।

সভার উপস্থিত সদস্য/ কর্মকর্তাদের তালিকা ‘পরিশিষ্ট-ক’ তে সংযুক্ত।
সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানান। তিনি বলেন, গত ১৩/১১/২০২০ তারিখ বিসিএস উইমেন নেটওয়ার্কের যুগ্ম মহাসচিব ও অতিরিক্ত ডিআইজি শামীমা বেগম, কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত), পিটিসি, টাঙ্গাইল এর আমন্ত্রণে বিসিএস উইমেন নেটওয়ার্কের কার্যনির্বাহী কমিটি টাঙ্গাইল জেলাধীন বিভিন্ন ক্যাডারের নারী কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা, মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান ও আপ্যায়নের মধ্য দিয়ে একটি প্রাণবন্ত দিন কাটিয়েছে। তিনি উৎসবমুখর এ আয়োজনের জন্য শামীমা বেগমকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। এরপর সভার এজেন্ডাসমূহ উপস্থাপনের জন্য মহাসচিব সায়লা ফারজানাকে অনুরোধ করেন।

সভাপতির অনুমতিক্রমে মহাসচিব সভার মূল কার্যক্রম আরম্ভের পূর্বে জানান যে, বিসিএস উইমেন নেটওয়ার্কের সভাপতি ও খাদ্য সচিব ড. মোছাম্মৎ নাজমানারা খানুমকে স্কাউটিং এ অসামান্য অবদান রাখার জন্য বাংলাদেশ স্কাউট থেকে বাংলাদেশ স্কাউট এর দ্বিতীয় সর্বোচ্চ অ্যাওয়ার্ড ‘রোপ্য ইলিশ’ প্রদান করা হয়েছে। এ সম্মানজনক অর্জনের জন্য বিসিএস উইমেন নেটওয়ার্কের কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে সভাপতি মহোদয়কে অভিনন্দন জানানো হয়। বিশেষ করে এ সভায় সভাপতি মহোদয়কে স্কাউট সালাম প্রদান করা হয় এবং স্কাউট তালির মাধ্যমে এ আনন্দঘন মূহুর্তটি উদ্‌যাপন করা হয়। এরপর এজেন্ডাসমূহ সভায় উপস্থাপন করা হয়। প্রত্যেকটি বিষয়ে সদস্যগণ তাঁদের মতামত তুলে ধরেন।

১.০ গত সভার কার্যবিবরণী অনুমোদনঃ
মহাসচিব বিগত ১৫/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পড়ে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী এবং সংযোজনী না থাকায় তা দৃঢ় করা হয়।

২.০ গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

ক্রম	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১	বিভিন্ন উপ-কমিটি গঠন	বিসিএস উইমেন নেটওয়ার্ক এর সার্বিক কাজের গতিশীলতা আনয়নের লক্ষ্যে এবং ইস্যুভিত্তিক বিভিন্ন কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে আটটি ওয়ার্কিং গ্রুপ/উপকমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।	আটটি ওয়ার্কিং গ্রুপ/উপকমিটি গঠন করা হয়েছে এবং ওয়ার্কিং গ্রুপ/উপকমিটির আহ্বায়ক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।
০২	বিসিএস উইমেন নেটওয়ার্কের ওয়েবসাইট তৈরি।	নির্বাহী সদস্য রায়হানা তসলিম কে ফোকাল পয়েন্ট নির্বাচন করা হলো। তিনি এটুআই এর প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করবেন।	এটুআই এর প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ করা হয়েছে। আগামী মহান বিজয় দিবস-২০২০ এর মধ্যে ওয়েবসাইট তৈরি করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
০৩	কর্ম পরিকল্পনা প্রণয়ন।	আগামী বছরের জন্য বিসিএস উইমেন নেটওয়ার্কের কার্যক্রম সম্পর্কিত কর্ম পরিকল্পনা প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	২০২১ সালের জন্য কর্ম পরিকল্পনার খসড়া প্রস্তুত কাজ চলমান। জানুয়ারি ২০২১ তারিখ থেকে বাস্তবায়ন করা হবে।
০৪	ক্যাডার ভিত্তিক তথ্য সংগ্রহ।	বাংলাদেশ সিভিল সার্ভিসের ২৭ টি ক্যাডারের নারী কর্মকর্তাদের তথ্য সংশ্লিষ্ট ক্যাডারের প্রতিনিধিদের মাধ্যমে সংগ্রহ করতে হবে।	প্রতিটি ক্যাডারের নারী কর্মকর্তাদের তথ্য সংগ্রহ করা হচ্ছে। এ লক্ষে আগামী এক মাসের ভিতর একটি ফর্মেট তৈরি করা হবে।
০৫	নারী কর্মকর্তাদের পদায়ন ও বদলী সংক্রান্ত।	পদায়ন ও বদলী সংক্রান্ত একটি প্রস্তাবনা তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মন্ত্রণালয়/বিভাগের সচিব এবং বিভিন্ন অধিদপ্তরের মহাপরিচালকদের সাথে প্রতিনিয়ত যোগাযোগ করা হচ্ছে। এ বিষয়ে একটি খসড়া পত্র তৈরি করে মন্ত্রণালয়/বিভাগের সচিব এবং বিভিন্ন অধিদপ্তরের মহাপরিচালক প্রধানদের নিকট প্রেরণ করা হবে।
০৬	কর্মকর্তাদের প্রশিক্ষণ মডিউল তৈরি এবং প্রশিক্ষণ কোর্স পরিচালনা করার জন্য একাডেমিগুলোতে চিঠি প্রেরণ।	ঢাকাস্থ বিভিন্ন প্রশিক্ষণ একাডেমিতে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে বিসিএস উইমেন নেটওয়ার্কের পত্রের প্রেক্ষিতে পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানাতে হবে।	এ বিষয়ে ইতোপূর্বে চিঠি প্রেরণ করা হয়েছে। চিঠির প্রেক্ষিতে প্রশিক্ষণ একাডেমিগুলোর সাথে যোগাযোগ করা হচ্ছে। বিপিএটিসি এর রেক্টর (সচিব) মহোদয় ডিসেম্বর-২০২০ এর শেষের দিকে একদিনের একটি ওয়ার্কসপ আয়োজন করার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেছেন।

৩.০ বিষয়ঃ রোকেয়া দিবস-২০২০ উদ্‌যাপন।

৩.১ আলোচনাঃ মহাসচিব বলেন যে, নেটওয়ার্ক কর্তৃক গত বছরের ন্যায় এবারও আগামী ৯ ডিসেম্বর রোকেয়া দিবস উদ্‌যাপন করা প্রয়োজন। এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি আহ্বান জানান। কোষাধ্যক্ষ শেখ মোমেনা মনি বলেন যে, বর্তমান করোনা পরিস্থিতি বিবেচনায় ওয়েবিনারের মাধ্যমে রোকেয়া দিবস-২০২০ পালন করলে সারা দেশ থেকে সদস্যবৃন্দ যোগদান করতে পারবে। এ বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষন করেন। এরপর রোকেয়া দিবস-২০২০ অনুষ্ঠানের দিন, সময়, প্রধান অতিথি, বিশেষ অতিথি ও আলোচক নির্ধারনের বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.২ সিদ্ধান্তঃ
৩.২.১ আগামী ১০ ডিসেম্বর সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় জুমের মাধ্যমে রোকেয়া দিবস উপলক্ষ্যে ওয়েবিনার করা হবে;
৩.২.২ প্রধান অতিথি হিসেবে থাকবেন বিসিএস উইমেন নেটওয়ার্কের সাবেক সভাপতি তথ্য কমিশনের মাননীয় তথ্য কমিশনার সুরাইয়া বেগম এনডিসি;
৩.২.৩ সভাপতিত্ব করবেন বিসিএস উইমেন নেটওয়ার্কের সভাপতি খাদ্য সচিব ড. মোছাম্মৎ নাজমানারা খানুম।

বাস্তবায়নঃ সায়লা ফারজানা, মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক ও যুগ্ম-সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৪.০ বিষয়ঃ মহান বিজয় দিবস-২০২০ উদ্‌যাপন।

৪.১ আলোচনাঃ মহাসচিব সায়লা ফারজানা ওয়েবিনারের মাধ্যমে বিজয় দিবস-২০২০ উদ্‌যাপন করা এবং ৩০ মিনিটের সাংস্কৃতিক পর্ব রাখার বিষয়টি তুলে ধরেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৪.২ সিদ্ধান্ত ১৬/১২/২০২০ তারিখ বুধবার সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় বিজয় দিবস-২০২০ ওয়েবিনারের মাধ্যমে উদ্‌যাপন করা হবে। সভাপতির সঙ্গে আলোচনা করে প্রধান অতিথি, বিশেষ অতিথি, এবং মূখ্য আলোচক নির্বাচন করা হবে। ৩০ মিনিটের সাংস্কৃতিক পর্ব রাখা হবে। সাংস্কৃতিক উপ-কমিটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে।

বাস্তবায়নঃ   সায়লা ফারজানা, মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক ও যুগ্ম-সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং সাংস্কৃতিক উপ-কমিটি।

৫.০ বিষয়ঃ নারী কর্মকর্তাদের কাউন্সিলিং বিষয়ক ওয়েবিনারের আয়োজন।

৫.১ আলোচনাঃ মোছাঃ ফরিদা ইয়াসমিন, উপ-পুলিশ কমিশনার, প্রফেসনাল স্টান্ডার্ড এন্ড ইন্টারনাল ইনভেস্টিগেশন, ডিএমপি বলেন যে, নারী কর্মকর্তাদের নানাবিধ সমস্যা রয়েছে। এ সকল বিষয় আলোচনা করে নারী কর্মকর্তাদের মানসিক সাপোর্ট দেওয়ার জন্য কয়েকজন সাইকোলজিস্ট নিয়ে আমরা একটি টিম গঠন করতে পারি। এ প্রেক্ষিতে সভাপতি বলেন যে, আমাদের Crisis Management উপকমিটি রয়েছে সেখানে কয়েকজন

সাইকোলজিস্ট কো-অপ্ট করে নেওয়া যায়। এতে করে সমস্যাগুলো চিহ্নিত করে কাউন্সিলিং করা যাবে। এছাড়াও মেন্টাল হেলথ বিষয়ক একটি ওয়েবিনার আয়োজন করা যেতে পারে।

৫.২ সিদ্ধান্তঃ
৫.২.১ Crisis Management উপকমিটিতে সাইকোলজিস্ট কো-অপ্ট করতে হবে।
৫.২.২ মেন্টাল হেলথ বিষয়ক একটি ওয়েবিনার আয়োজন করা হবে।

বাস্তবায়নঃ শেখ মোমেনা মনি, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ও কোষাধ্যক্ষ, বিসিএস উইমেন নেটওয়ার্ক এবং মোছাঃ ফরিদা ইয়াসমিন, উপ-পুলিশ কমিশনার, প্রফেসনাল স্টান্ডার্ড এন্ড ইন্টারনাল ইনভেস্টিগেশন, ডিএমপি।

৬.০ রোকেয়া দিবস-২০২০ ও মহান বিজয় দিবস-২০২০ এ ফেসবুক পেজে বাণী দেওয়া।

৬.১ আলোচনাঃ সহ-সভাপতি ফারহিনা আহমেদ রোকেয়া দিবস-২০২০ ও মহান বিজয় দিবস-২০২০ এ ফেসবুক পেজে ও ওয়েবসাইটে সভাপতি ও মহাসচিবের যৌথ স্বাক্ষরে দুটি বাণী দেওয়ার বিষয়টি আলোকপাত করেন।

৬.২ সিদ্ধান্তঃ রোকেয়া দিবসে এবং মহান বিজয় দিবসে বিসিএস উইমেন নেটওয়ার্কের ফেসবুক পেজে প্যাডে বাণী প্রচার করতে হবে।

বাস্তবায়নঃ ড. বিলকিস বেগম, উপসচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও দপ্তর সম্পাদক, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

আলোচনা শেষে সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্টদের উদ্যোগী হওয়ার আহ্বান জানিয়ে এবং সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/১২/২০২০

(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)
সভাপতি
বিসিএস উইমেন নেটওয়ার্ক
ও
সচিব, খাদ্য মন্ত্রণালয়